

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৮৬/২০১৬

অভিযোগকারী : জনাব জিয়াউল হক  
পিতা-শহিদুল্লাহ  
আমিন মডেল টাউন, পূর্ব ডেভাভর  
পোঃ সাভার ক্যান্টনমেন্ট, আশুলিয়া  
সাভার, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব এ.এইচ মুজাহিদুল ইসলাম  
সাব রেজিস্ট্রার  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
সদর সাব রেজিস্ট্রার কার্যালয়  
গাজীপুর।

## সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৯-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ১৫-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা রেজিস্ট্রারের কার্যালয়, গাজীপুর বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক) ১৯৭০ সালে ৩ আগস্ট জয়দেবপুর সাব রেজিস্ট্রারের কার্যালয় থেকে ৭৯০০ নম্বর দলিল সম্পাদিত হয়েছে কি না?  
খ) সম্পাদিত হয়ে থাকলে ক্রেতা ও বিক্রেতার নাম জানতে চাই।
- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৩-০১-২০১৬ তারিখে জনাব আব্দুল কাইয়ুম, আইআরও ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), নিবন্ধন পরিদপ্তর, ১৪ আব্দুল গনিরোড, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৪-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৯-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীতে অভিযোগকারী গরহাজির ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী শুনানীতে অনুপস্থিত থাকায় তার বক্তব্যে পাওয়া যায় নি। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্যাদি সংগ্রহ করে অভিযোগকারীকে সরবরাহ করা হবে মর্মে তিনি কমিশনকে অবহিত করেন। এজন্য তিনি কমিশনের নিকট সময় প্রার্থনা করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

## পর্যালোচনা

প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ দিনের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত পূর্ণাঙ্গ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব এ.এইচ মুজাহিদুল ইসলাম, সাব রেজিষ্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সদর সাব রেজিষ্ট্রী কার্যালয় গাজীপুর কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার